

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)-তে অনুষ্ঠিত তথ্য আপা প্রকল্পের তথ্যসেবা কর্মকর্তাদের প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক পরিচালিত “তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)”-এর ৪৯০ জন তথ্যসেবা কর্মকর্তাদের প্রশিক্ষণ ঢাকায় ০৪টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে এবং ৯৮০ জন তথ্যসেবা সহকারীদের প্রশিক্ষণ বার্ড, কুমিল্লা ও আরডিএ, বগুড়ায় ফেব্রুয়ারী/২০১৯ থেকে শুরু করে পর্যায়ক্রমে অনুষ্ঠিত হচ্ছে। প্রশিক্ষণের মেয়াদ ১৫ দিন, প্রতি ব্যাচে অংশগ্রহণকারীর সংখ্যা ৫০ জন এবং প্রশিক্ষণটি আবাসিক।

২৩শে মার্চ, ২০১৯ তারিখে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে অনুষ্ঠিত তথ্যসেবা কর্মকর্তাদের ১ম ব্যাচের ১৫ দিন মেয়াদে অফিস ব্যবস্থাপনা, কম্পিউটার ফান্ডামেন্টালস এবং জেন্ডার সমতা ও প্রাথমিক স্বাস্থ্যসেবা বিষয়ক প্রশিক্ষণ কোর্সে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কোর্সের উদ্বোধন করেন জনাব কামরুন নাহার, সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।



প্রধান অতিথি মহোদয় তাঁর বক্তব্যে উল্লেখ করেন নারীদের বাদ দিয়ে ভিশন-২০২১, ২০৩০ সালের মধ্যে SDG লক্ষ্যমাত্রা অর্জন, ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত হওয়া সম্ভব নয়। এজন্য নারীদের ক্ষমতায়ন অপরিহার্য। নারী যদি সামাজিক, আর্থিক ও মানসিকভাবে স্বাবলম্বী হয়, তাহলে নারী নির্যাতন হবে না এবং নারীরা ক্ষমতায়িত হবে। ‘তথ্য আপা’ প্রকল্পের তথ্য আপারা প্রত্যেকে এক একজন লিডার /এজেন্ট হিসাবে কাজ করবে।

